সংবাদ

তারিখ ... ১৬।৫।৮৫ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

017

# এস এস সি পরীক্ষা শুরু

# ১ম দিনে ১৪২ জন বহিষ্কার

(নিজস্ব বার্তা পরিবেশক)

ঢাকাসহ সারাদেশে চারটি শিক্ষা বোর্ডের অধীনে ১৯৮৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস,এস,সি) পরীক্ষা গতকাল শান্তিপূর্ণভাবে শুরু হয়েছে। সারাদেশে মোট ৩ লাখ ২৯ হাজার ৮১ জন পরীক্ষার্থী এ পরীক্ষায় অংশ নিচ্ছে।

গতকাল রাত ১১টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত সারাদেশে মোট ১৪২ জন এসএসসি পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়েছে বলে খবর পাওয়া গেছে। এদের মধ্যে ঢাকা বোর্ডের ২৯ জনকে, যশোর বোর্ডের ১০৩ জনকে, কুমিল্লা বোর্ডের ৯ জনকে এবং রাজশাহী বোর্ডে ১জনকে বহিষ্কার করা হয়। রাজধানীর কেন্দ্রগুলো থেকে বহিষ্কারের কোন খবর পাওয়া যায়নি। মানিকগঞ্জ জেলা সদরের মডেল হাইস্কুলের পরীক্ষা কেন্দ্রের বাইরে জারিকৃত ১৪৪ ধারা ভঙ্গের অভিযোগে মানিকগঞ্জ পুলিশ ৫জনকে গ্রেফতার করেছে।

রাজধানীতে যাতায়াতের অব্যবস্থার দরুন বিশেষ করে ছাত্রীদের পরীক্ষা কেন্দ্রে যেতে অসুবিধার সম্মুখীন হতে হয়। সকালের দিকে রিক্সা ও বেবী টেক্সী ভাড়াও ছিল অন্যান্য দিনের তুলনায় বেশী।

শহরের প্রতিটি পরীক্ষা কেন্দ্রের সামনে ছিল উদ্বেগাকুল অভিভাবক-অভিভাবিকাদের ভিড়। ঢাকা নগরীর পুলিশ পরীক্ষা

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)



গতকাল সোমবার মতিঝিল আইডিয়াল হাই স্কুল কেন্দ্রে ছাত্ররা পরীক্ষা দিচ্ছে। —সংবাদ

## এস এস সি পরীক্ষা

(১ম পাতার পর)

কেন্দ্রের ২০০ গজের মধ্যে ৪ জনের বেশী লোকের সমাবেশ নিষিদ্ধ ঘোষণা করায় অনেক অভিভাবক-অভিভাবিকা পরীক্ষা চলাকালীন সময় নিরাপদ দূরত্বে দাঁড়িয়ে থাকেন। তাদের কাউকে পরীক্ষা কেন্দ্রে ঢুকতে দেয়া হয়নি।

দুপুরে টিফিনের সময় প্রতিটি পরীক্ষা কেন্দ্রের সামনে ছিল ডাব, কলা, কোল্ড ড্রিংক বিক্রেতাদের ভিড়। এসমস্ত জিনিসের দামও ছিল তুলনামূলকভাবে চড়া।